গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
আগৈলঝাড়া,বরিশাল।
usso.agailjhara@dss.gov.bd

বিজ্ঞপ্তি

স্মারক নং- ৪১.০১.০৬০২.০০০.০০০.১৬.০০০২.২৬.৯৭ | তারিখঃ ০৬/০৭/২০২৬ খ্রি .।

বিষয় : সামাজিক নিরাপত্তা কার্যক্রমের আওতায় ২০২৬-২০২৭ অর্থবছরে বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতা, প্রতিবন্ধী ভাতা ও শিক্ষা উপবৃত্তি কার্যক্রম (ভাতা ও শিক্ষা উপবৃত্তি) এবং অনগ্রসর জনগোষ্ঠীসমূহের জীবনমান উন্নয়ন কার্যক্রম ( হিজরা, বেদে, অনগ্রসর ও চা- শ্রমিকদের ভাতা ও শিক্ষা উপবৃত্তির ) বাস্তবায়নের জন্য অনলাইনে আবেদন গ্রহণ ।

সূত্র : স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০০০.০৪৯.১৬.০৬২.২৪.৫৮৬, তারিখ: ৩০-০৬-২০২৬ খ্রি .।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বরিশাল জেলার আগৈলঝাড়া উপজেলার বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতা, প্রতিবন্ধী ভাতা, প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তি, হিজড়া, বেদে,অনগ্রসর ভাতা ও উপবৃত্তি প্রদানের নিমিত্তে ০১-০৮-২০২৬ খ্রিঃ তারিখ থেকে অনলাইন আবেদন শুরু হবে। আবেদনের শেষ তারিখঃ ৩১-০৮-২০২৬ খ্রিঃ পর্যন্ত। সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের উদ্যোক্তা, ইউনিয়ন/পৌরসভা সমাজকর্মীর ট্যাব বা যে কোনো কম্পিউটারের দোকান, এমনকি যে কোন স্মার্ট ফোন হতে **dss.bhata.gov.bd/online.application** এই লিংকে প্রবেশ করে ভাতার জন্য আবেদন করা যাবে।

উল্লেখ্য যারা ইতোমধ্যে অনলাইনে আবেদন করেছেন এবং ভাতা পাচ্ছেন তাদের নতুন করে আবেদন করার প্রয়োজন নাই।

আবেদন গ্রহণ ও যাচাই-বাছাই ও তথ্য এন্টির সময় নিম্নোক্ত নির্দেশনাবলী ঃ
১। বয়স্ক ভাতার ক্ষেত্রে এন আই ডি কার্ড, ০১ কপি ছবি,স্বাক্ষর ও বিধবা ভাতার জন্য এন আই ডি কার্ড,স্বাক্ষর, স্বামীর মৃত্যুর সনদ ও ছবি এবং নমিনির বিভিন্ন তথ্য।
২। প্রতিবন্ধী ভাতার ক্ষেত্রে অবশ্যই সুবর্ণ নাগরিক কার্ড থাকতে হবে এবং Disability Informtion System(DIS) এর সাথে যাচাই করতে হবে।
৩। অনলাইন আবেদনে আবেদনকারীদের অবশ্যই নিজ জাতীয় পরিচয়পত্র দিয়ে নিবন্ধিত সক্রিয় সিম এর মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস বা ব্যাংক হিসাব নম্বর প্রদান করতে হবে। ব্যাংক হিসাবের ক্ষেত্রে আবেদনকারীদের সাথে যোগাযোগের জন্য সক্রিয় মোবাইল নম্বর প্রদান করতে হবে। (ইতোপূর্বে কোন ভাতার জন্য ব্যবহৃত হয়নি এমন নতুন নম্বর)।
৪। আবেদনকারী অন্য কোনো সরকারি সুবিধা নিয়মিত পেয়ে থাকলে তিনি এ সুবিধার জন্য বিবেচিত হবেন না।
৫। পূর্বে অনলাইনে আবেদন করা থাকলে পুনরায় অনলাইনে আবেদন করার প্রয়োজন নেই।

বি:দ্র:১। অনগ্রসর জনগোষ্ঠী ( নাপিত,ধোপা, কামার, কুমার, জেলে, মুচি,ঋষি) ইত্যাদি। বয়স ৫০ বছর হতে হবে।
২। আবেদন শেষে একটি প্রিন্ট কপি সংগ্রহ করে আপনার দেয়া মোবাইল নম্বর ঠিক আছে কিনা তা যাচাই করুন।
৩। জনস্বার্থে বিষয়টি ব্যাপকভাবে প্রচার এবং অনলাইন আবেদন করার ক্ষেত্রে সর্ব সাধারণকে সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো। আরো বিস্তারিত জানতে সংযুক্ত চিঠিচা ভালোভাবে অনুসরন করুন।

০৬/০৭/২৬
(তপন বিশ্বাস)
উপজেলা সমাজসেবা অফিসার
আগৈলঝাড়া,বরিশাল।

জনস্বার্থে এ বিজ্ঞপ্তিটি জারী করা হলো।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ঃ
১। মহাপরিচালক,সমাজসেবা অধিদপ্তর আগারগাঁও,ঢাকা।
২। পরিচালক,(সামাজিক নিরাপত্তা) সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও ঢাকা।
৩। পরিচালক,বিভাগীয় সমাজসেবা কার্যালয়,বরিশাল।
৪। উপপরিচালক,জেলা সমাজসেবা কার্যালয়,বরিশাল।
৫। উপজেলা নির্বাহী অফিসার,আগৈলঝাড়া,বরিশাল।
৬। জনাব..........................................................
৭। ..........................................................ইউনিয়ন পরিষদ,আগৈলঝাড়া,বরিশাল।
৮। অফিস কপি।

CamScanner